# বাংলাদেশ কৃষি আবহাওয়া তথ্য সেবা ইউনিট
# সরেজমিন উইং
# কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

---

## সম্ভাব্য ভারী বৃষ্টিপাত ও বন্যার জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ

**বুলেটিন নং ১১৯**
**প্রকাশের তারিখ: ১৩/০৭/২০২৬**

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের সতর্কবার্তা অনুযায়ী ১৩.০৭.২০২৬ তারিখ দুপুর ১১টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, ঢাকা, চট্টগ্রাম ও সিলেট বিভাগের কোথাও কোথাও ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে। এছাড়াও বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের পূর্বাভাস অনুযায়ী ১৩.০৭.২০২৬ তারিখ থেকে পরবর্তী তিন দিনের মধ্যে সারাদেশের কোথাও কোথাও ভারী বর্ষণের সম্ভাবনা রয়েছে।

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের পূর্বাভাস অনুযায়ী ১৩.০৭.২০২৬ তারিখ থেকে পরবর্তী দুই দিনের মধ্যে সিলেট, সুনামগঞ্জ, নেত্রকোণা, শেরপুর ও ময়মনসিংহ, নীলফামারী, লালমনিরহাট, রংপুর, কুড়িগ্রাম ও গাইবান্ধা জেলার নদীসংলগ্ন নিম্নাঞ্চলে কোথাও কোথাও স্বল্পমেয়াদী বন্যা পরিস্থিতির উদ্ভব অথবা কিছুটা অবনতি হতে পারে।

সম্ভাব্য ভারী বৃষ্টিপাত ও বন্যার জন্য কৃষি আবহাওয়া পরামর্শ:

১। সদ্য রোপণকৃত আমন ধানের জমিতে অতিরিক্ত পানি জমলে দ্রুত নিষ্কাশনের ব্যবস্থা করুন। তবে একবারে সম্পূর্ণ পানি বের না করে জমিতে অল্প পানির স্তর বজায় রাখুন, যাতে চারা হেলে পড়া বা ভেসে যাওয়ার ঝুঁকি কমে।
২। আমন বীজতলা ডুবে যাওয়ার আশঙ্কা থাকলে উঁচু ও নিরাপদ স্থানে বিকল্প বীজতলা তৈরি করুন। বীজতলাকে অতিরিক্ত বৃষ্টির সরাসরি আঘাত থেকে রক্ষার জন্য অস্থায়ী পলিথিন বা ছাউনির ব্যবস্থা করুন।
৩। বন্যা বা জলাবদ্ধতার ঝুঁকিপূর্ণ এলাকার জন্য স্বল্পমেয়াদি ও স্থানীয় পরিবেশের উপযোগী আমন ধানের জাত নির্বাচন করুন।
৪। জমি দীর্ঘদিন পানিতে ডুবে থাকলে ডাপোগ, ভাসমান বা ট্রে-ভিত্তিক বীজতলা ব্যবহার করা যেতে পারে।
৫। ভারী বৃষ্টিপাতের আগে বা বৃষ্টিপাতের সময়  সেচ, সার ও বালাইনাশক প্রদান থেকে বিরত থাকুন।
৬। ভারী বৃষ্টিপাত বা বন্যা কবলিত হওয়ার আগেই দ্রুত পরিপক্ক সবজি সংগ্রহ করে ফেলুন।
৭। ফসলের জমি থেকে অতিরিক্ত পানি সরিয়ে ফেলার ব্যবস্থা রাখুন।
৮। কলা ও অন্যান্য উদ্যানতাত্ত্বিক ফসল এবং সবজির জন্য খুঁটির ব্যবস্থা করুন।
৯। গবাদি পশু ও হাঁসমুরগী উঁচু জায়গায় রাখুন।
১০। পুকুরের চারপাশ উঁচু করে দিন। সম্ভব হলে চারপাশ জাল বা বাঁশের চাটাই দিয়ে ঘিরে দিন যেন বন্যার পানিতে মাছ ভেসে না যায়।

১৩/০৭/২০২৬
(উর্মী আহসান)
উপপরিচালক (বামিস ইউনিট)
পরিচালকের পক্ষে